

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অধিশাখা-৭ (কলেজ-২)
www.moedu.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৫.১৫.

তারিখঃ ০৪ আষাঢ় ১৪২৪
১৮ জুন ২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব লুনা পারভীন (০৭৫৫৫), সহকারি অধ্যাপক (উদ্ভিদবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা গত ৪ বছর ১১ মাস ১৫ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) অনুযায়ী “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি নোটিশের জবাব প্রদান করেন। জবাব সন্তোষজনক না হওয়ায় তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হয় এবং তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানা ও বর্তমান কর্মস্থলের ঠিকানায় প্রেরণ করা হয়। কিন্তু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব পাওয়া যায়নি। পরবর্তীতে জেলা প্রশাসক, ঢাকা এর মাধ্যমে বর্তমান ঠিকানায় কারণ দর্শানো নোটিশ প্রেরণপূর্বক রিটার্ন দাখিল করার জন্য জেলা প্রশাসক, ঢাকাকে অনুরোধ করা হলে জেলা প্রশাসক জানান যে, ০৪/০২/২০১৭ তারিখে নোটিশ তার বাড়ির কেয়ার টেকার দ্বারা স্বাক্ষর করে নোটিশটি ফেরত প্রদান করেন;

যেহেতু, জনাব লুনা পারভীন এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণ হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩) (সি) অনুযায়ী "চাকুরি হতে অপসারণ (Removal from Service)" করার উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতিও সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, জনাব লুনা পারভীন (০৭৫৫৫), সহকারি অধ্যাপক (উদ্ভিদবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩) (সি) অনুযায়ী "চাকুরি হতে অপসারণ (Removal from Service)" করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

তারিখ: ১৩/০৬/২০১৭

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৫.১৫. ৬৭৩/১ (৭)

তারিখঃ ০৪ আষাঢ় ১৪২৪
১৮ জুন ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব লুনা পারভীন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৭। জনাব লুনা পারভীন (০৭৫৫৫), সহকারি অধ্যাপক (উদ্ভিদবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্বাক্ষর

১৮ জুন ১৭
(আবু কায়সার খান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫৩২৭৬